

## হজযাত্রীদের উড়োজাহাজের টিকিটে শুল্ক প্রত্যাহার

- A Monitor Desk Report

Date: 10 December, 2025



ঢাকাঃ আগামী বছরের হজযাত্রীদের জন্য উড়োজাহাজের টিকিটে আর আবগারি শুল্ক দিতে হবে না। এ সংক্রান্ত আদেশ জারি করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) এনবিআরের পক্ষ থেকে জারি করা আদেশে জানানো হয়, হজযাত্রীদের সুবিধার্থে উড়োজাহাজের টিকিটের ওপর আরোপিত আবগারি শুল্ক প্রত্যাহার করা হয়েছে।

অবিলম্বে এ সুবিধা কার্যকর হবে ও আগামী বছরের ৩০ জুন পর্যন্ত এ সুবিধা থাকবে বলে জানিয়েছে এনবিআর।

হজযাত্রীদের উড়োজাহাজের টিকিটে শুল্ক মওকুফ এবারই প্রথম করা হয়নি। এর আগেও এনবিআর একাধিকবার এ ধরনের ছাড় দিয়েছে। সাধারণত উড়োজাহাজের টিকিট বিক্রির সময় যাত্রীদের কাছ থেকে ভ্রমণ কর বা আবগারি শুল্ক আদায় করে তা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়।

বর্তমানে সৌদি আরবগামী উড়োজাহাজের টিকিটের ওপর ৫ হাজার টাকা আবগারি শুল্ক দিতে হয়। হজযাত্রীদের জন্য এটি মওকুফ করা হয়েছে।

২০২৬ সালে বাংলাদেশ থেকে ৭৮ হাজার ৫০০ জন হজ পালন করতে পারবেন। চাঁদ দেখা সাপেক্ষে আগামী বছরের ২৬ মে পবিত্র হজ অনুষ্ঠিত হতে পারে।

